



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিবিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩০

০৮ জুলাই ২০২৪

তারিখ : -----

২৪ আষাঢ় ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ব্যাংকের ইসলামিক ব্যাংকিং শাখা ও উইভোর গ্রাহকদের কনভেনশনাল শাখা ও  
উপশাখাসমূহে অনলাইনে ইসলামিক ব্যাংকিং সেবা প্রদান প্রসঙ্গে।**

বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিআরপিডি সার্কুলার নং-১৫ তারিখ: ০৯ নভেম্বর ২০০৯ এর মাধ্যমে জারিকৃত Guidelines for Conducting Islamic Banking এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

- ২। উক্ত গাইডলাইনে ইসলামিক ব্যাংক এবং কনভেনশনাল ব্যাংকের ইসলামিক ব্যাংকিং শাখা কর্তৃক ইসলামিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। এ ক্ষেত্রে, ইসলামিক ব্যাংকিং কার্যক্রম অধিকতর সম্প্রসারণ ও গ্রাহকের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষ্যে ব্যাংকের ইসলামিক ব্যাংকিং শাখা/উইভোর গ্রাহকদের কনভেনশনাল শাখা ও উপশাখাসমূহে নিম্নবর্ণিত শর্তে অনলাইনে ইসলামিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে পারবে:
  - (১) গ্রাহকদের ইসলামিক ব্যাংকিং সেবা প্রদানে শাখা ও উপশাখায় ইসলামিক ব্যাংকিং হেল্প ডেস্ক থাকতে হবে;
  - (২) ইসলামিক ব্যাংকিং বিষয়ে প্রশিক্ষিত ও অভিজ্ঞ কর্মকর্তাকে ইসলামিক ব্যাংকিং ডেস্কে পদায়ন করতে হবে;
  - (৩) ইসলামিক ব্যাংকিং ডেস্কের মাধ্যমে শুধুমাত্র ব্যাংকের অনুমোদিত ইসলামিক ব্যাংকিং শাখা/উইভোর গ্রাহকদের অনলাইনভিত্তিক আর্থিক লেনদেন তথা গ্রাহক হিসাবে অর্থ জমা, উত্তোলন ও স্থানান্তর সুবিধা প্রদান করা যাবে;
  - (৪) ইসলামিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য পৃথক 'ইসলামিক কোর-ব্যাংকিং' সফটওয়্যার ব্যবহার করতে হবে;
  - (৫) ইসলামিক ব্যাংকিং লেনদেন ইসলামিক ব্যাংকিং শাখায় রক্ষিত সাধারণ হিসাব (IB General Account) এর মাধ্যমে পরিচালিত হবে;
  - (৬) ইসলামিক ব্যাংকিং শাখায় রক্ষিত সাধারণ হিসাবের অর্থ কনভেনশনাল ব্যাংকিং কার্যক্রমে ব্যবহার করা যাবে না;
  - (৭) গ্রাহক হিসাব খোলা ও বিনিয়োগ সংক্রান্ত কোনো কার্যক্রম ইসলামিক ব্যাংকিং ডেস্কের মাধ্যমে সম্পাদন করা যাবে না;
  - (৮) ইসলামিক ব্যাংকিং ডেস্কের মাধ্যমে অনলাইনে ইসলামিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে শাখাসমূহের দর্শনীয় স্থানে 'অনলাইন ইসলামিক ব্যাংকিং সেবা প্রদান করা হয়' মর্মে বিজ্ঞপ্তি/ব্যানার/প্লেকার্ড/ফেস্টুন প্রদর্শন করতে হবে।
- ৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
- ৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন-৯৫৩০২৫২